গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৫৪.১৮-১৫৬

তারিখঃ ২৭ ফাল্গুন ১৪২৫
১১ মার্চ ২০১৯

বিষয়ঃ রিট পিটিশন নং-১৫৯৯২/২০১৭ মামলার ০৫/০৪/২০১৯ তারিখের রায় এবং শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র শিম/শা:১১/৩-৯/২০১১/২৫৬, তাং ০৬/০৬/২০১১ ও ইসলামি আরবি বিশ্ববিদ্যারয়ের স্মারক নং-প্রশা/২০১৫/৪০৭৩, তাং০১/১১/২০১৭ অনুযায়ী ঢাকার মিরপুরস্থ হযরত শাহ আলী বাগদাদী (রহ:) কামিল মাদ্রাসার (অধ্যক্ষ না থাকায়) উপাধ্যক্ষ-কে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালনের নির্দেশনা প্রদান সংক্রান্ত।

সূত্র: (১) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০৪.০০১.১৮-২৯৫, তারিখ: ১২/০৯/২০১৮ খ্রি:
(২) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৩৭.০০.০০০০.০৪৬.০৪.০৫৪.১৮-৩৫৪, তারিখ: ১৫/১০/২০১৮ খ্রি:
(৩) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৫৪.১৮-৪৪৮, তারিখ: ২৮/১২/২০১৮ খ্রি:
(৪) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০৪.০০১.১৮-৩৬৬, তারিখ: ০৫/১২/২০১৮ খ্রি:
(৫) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৫৪.১৮-১১০, তারিখ: ১৯/০২/২০১৯ খ্রি:
(৬) মুহাম্মদ আফজাল হোসাইন, ভারপ্রাপ্ত অধ্যক্ষ, হযরত শাহ আলী বাগদাদী (রহ:) কামিল মাদ্রাসা, মিরপুর, ঢাকা এর ১৭/২/১৯ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রসমূহে প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকার মিরপুরস্থ হযরত শাহ আলী বাগদাদী (রহ:) কামিল মাদ্রাসার গভর্নিং বডি না থাকাকালে জেলা প্রশাসক কর্তৃক বেতন-ভাতাদির বিলে প্রতিস্বাক্ষরের জন্য জেলা প্রশাসক, ঢাকাকে নির্দেশনা দিয়ে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর হতে ১৬/১০/২০১৭ তারিখে ৫৭.২৫.০০০০.০০৩.০২.০১৮.১৭-৭৮৪ সংখ্যক স্মারকে পত্র জারি করা হয়। একই প্রতিষ্ঠানের অধ্যক্ষ না থাকায় ভারপ্রাপ্ত অধ্যক্ষ পদে বিধি মোতাবেক উপাধ্যক্ষ/জ্যেষ্ঠতম শিক্ষককে দায়িত্ব প্রদান নিশ্চিতকরণের জন্য তৎকালীন অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) কে.এম. সাইফুল্লাহ-কে নির্দেশনা দিয়ে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর হতে ২৪/১০/২০১৭ তারিখে ৫৭.২৫.০০০০. ০০৩.০২.০১৮.১৭-৮০৭ সংখ্যক স্মারকে পত্র জারি করা হয়।

২। উক্ত স্মারকদ্বয়ের বিরুদ্ধে সংক্ষুব্ধ হয়ে বর্ণিত প্রতিষ্ঠানের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ও প্রতিষ্ঠানের প্রভাষক ১২তম জুনিয়র শিক্ষক (এমপিও শীটে বর্ণিত ১৫ নং কনিষ্ট শিক্ষক) কে.এম সাইফুল্লাহ (ইনডেক্স নং-২০৯২৩০৪) মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং-১৫৯৯২/২০১৭ মামলা দায়ের করেন।

৩। রিট পিটিশন নং- ১৫৯৯২/২০১৭ মামলার ১৩/১২/২০১৭ তারিখের অন্তবর্তীকালীন আদেশ ছিল নিম্নরূপ-
"Pending hearing of the Rule. let operation of the impugned Memo dated 16.10.2017 and 24.10.2017 be stayed for a period of 6 (six) months from date.

৪। মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের পত্রের বর্ণনা অনুযায়ী বর্ণিত অন্তবর্তীকালীন আদেশ লঙ্ঘিত হওয়ায় পিটিশনার কর্তৃক কনটেম্পট পিটিশন নং-৩৫৯/২০১৮ (রিট পিটিশন নং-১৫৯৯২/২০১৭ হতে উদ্ভূত) দায়ের করা হয়। কনটেম্পট মামলায় জারীকৃত রুলনিশির প্রেক্ষিতে অন্তবর্তীকালীন আদেশ (Stay Order) Vacate না হওয়া পর্যন্ত ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব কে.এম সাইফুল্লাহ এর স্থগিতকৃত এমপিও ছাড়করণ ও তার স্বাক্ষরে উক্ত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন ভাতাদি উত্তোলনের নির্দেশনা চেয়ে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর হতে সচিব, টিএমইডি বরাবর পত্র প্রেরণ করা হয়।

৫। টিএমইডি এর মাদ্রাসা শাখার গত ২৩/১০/২০১৮ খ্রি: তারিখের স্মারক নং-৫৭.০০.০০০০.০৭৫.০২৭.৬০.১৭/৩৩৮ এর নির্দেশনার আলোকে ডিএমই কর্তৃক উক্ত মাদ্রাসার ১২তম জুনিয়র শিক্ষক কে.এম সাইফুল্লাহ-কে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালনের জন্য নির্দেশনা প্রদান করা হয় এবং এর প্রেক্ষিতে বর্তমানে জনাব কে.এম সাইফুল্লাহ উক্ত প্রতিষ্ঠানের ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালনরত আছেন।

৬। উল্লেখ্য- রিট পিটিশন নং- ১৫৯৯২/২০১৭ মামলার ০৫/০২/২০১৯ তারিখের সর্বশেষ রায়/আদেশ এর অংশবিশেষ নিম্নরূপ:
"Mr. Md. Alamgir Hossain, learned Advocate appearing on behalf of the petitioner submits that he has insturction from his client not to proceed with the hearing of the Rule and that being so, he prays for discharge of the Rule for non-prosecution.

Accordingly, the Rule is discharged for non-prosecution without any order as to cost"

৭। যেহেতু জনাব কে.এম সাইফুল্লাহ কর্তৃক দায়েরকৃত রিট মামলাটি (রিট নং-১৫৯৯২/১৭) গত ০৫/২/২০১৯ তারিখে আদেশে Discharge (খারিজ) হয়ে গেছে এবং যেহেতু জনাব কে.এম সাইফুল্লাহ উক্ত মাদ্রাসার ১২তম জুনিয়র শিক্ষক এবং যেহেতু শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র শিম/শা:১১/৩-৯/২০১১/২৫৬, তাং ০৬/০৬/২০১১ ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের স্মারক নং-প্রশা/২০১৫/৪০৭৩, তাং ০১/১১/২০১৭ মতে জনাব কে.এম সাইফুল্লাহ বর্ণিত প্রতিষ্ঠানের ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন করার যোগ্য নন। সেহেতু শিক্ষা মন্ত্রালয়ের পরিপত্র এবং ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অফিস আদেশ অনুযায়ী ন্যায় বিচারের স্বার্থে (নিয়মিত অধ্যক্ষ নিয়োগ না হওয়া পর্যন্ত) উক্ত প্রতিষ্ঠানের উপাধ্যক্ষ জনাব মুহাম্মদ আফজাল হোসাইন-কে, ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালনের জন্য নির্দেশনা প্রদান করা প্রয়োজন।

৮। এমতাবস্থায়, রিট পিটিশন নং-১৫৯৯২/২০১৭ মামলার ০৫/০৪/২০১৯ তারিখের রায় এবং শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র শিম/শা:১১/৩-৯/২০১১/২৫৬, তাং ০৬/০৬/২০১১ ও ইসলামি আরবি বিশ্ববিদ্যারয়ের স্মারক নং-প্রশা/২০১৫/৪০৭৩, তাং ০১/১১/২০১৭ এর নির্দেশনা অনুযায়ী ঢাকার মিরপুরস্থ হযরত শাহ আলী বাগদাদী (রহ:) কামিল মাদ্রাসার (অধ্যক্ষ না থাকায়) ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব (বিদ্যমান বিধি বিধান অনুসরণক্রমে) প্রদানপূর্বক গৃহীত ব্যবস্থা সম্পর্কিত তথ্য আগামি ১৯/০৩/১৯ খ্রি: এর মধ্যে টিএমইডি-কে অবহিতি জন্য নির্দেশক্রমে মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।

(মো: জাহাঙ্গীর হোসেন বেপারী)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৯৫৮৬৫৮৩।

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার
লেভেল-৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েভসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। জনাব মুহাম্মদ আফজাল হোসাইন, উপাধ্যক্ষ, হযরত শাহ আলী বাগদাদী (রহ:) কামিল মাদ্রাসার, মিরপুর-১, ঢাকা-১২০০।
৪। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৬। উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৭। অফিস কপি/মাস্টার কপি।